

সিনিয়র উপজেলা মৎস্য দপ্তর, চাটমোহর, পাবনা এর সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে ৩য়  
ত্রৈমাসিক (জানুয়ারি/২২-মার্চ/২২) সভার কার্য বিবরণীঃ

সভাপতিঃ জনাব মোসাঃ আয়েশা খাতুন, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, চাটমোহর, পাবনা

স্থানঃ সিনিয়র উপজেলা মৎস্য দপ্তর, চাটমোহর, পাবনা

তারিখঃ ১৫/০৩/২০২২ খ্রি.

সময়ঃ সকাল ১০.৩০ ঘটিকা

সভায় অংশগ্রহণকারী সদস্য বৃন্দের তালিকা পরিশিষ্ট “ক” তে দেখানো হলো

সভার শুরুতে আজকের সভার সভাপতি জনাব মোসাঃ আয়েশা খাতুন, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, চাটমোহর, পাবনা সভায় অংশগ্রহণকারী সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করার জন্য জনাব প্রসেনজিত চন্দ্র রায়, মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা, সিনিয়র উপজেলা মৎস্য দপ্তর, চাটমোহর, পাবনাকে অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা ১০১১-১১ অর্থ বছরের সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি/২২-মার্চ/২২) সভায় নিম্নোক্ত বিষয় ত্রিতিক আলোচনা করার জন্য সকলকে অনুরোধ করেন।


আলোচ্য বিষয়সমূহঃ

- ১। মাছ চাষে মুরগির বিষ্ঠা/ লিটারের ব্যবহারের অপকারিতা।
- ২। মৎস্য আড়ৎ ও বাজার সমূহের পরিষ্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি।

সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্র. নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	<b>মাছ চাষে মুরগির বিষ্ঠা/লিটার ব্যবহারের অপকারিতা বিষয়ক আলোচনাঃ</b> মৎস্য অধিদপ্তর কর্তৃক আয়োজিত প্রশিক্ষণ, সভা, সেমিনার সহ মৎস্য বিষয়ক বিভিন্ন গণসচেতনতা বিষয়ক প্রচার-প্রচারণায় মাছচাষে GAP বা উত্তম মৎস্য চাষ অনুশীলন বিষয়ে চাষীদের কে সচেতন করার পর ও মাঝে মাঝে মৎস্য খাদ্য হিসেবে মুরগির বিষ্ঠা/ লিটারের ব্যবহারের কথা শোনা যায় যা কোন মতেই কাঙ্ক্ষিত নয়। এটা GAP এর অন্তরায়, জনস্বাস্থ্যের জন্য মঙ্গলজনক নয় এবং চাষিরা না বুঝে লিটার ব্যবহারের ফলে পুকুরের পরিবেশ খারাপ হওয়া সহ নানাবিধ সমস্যার সম্মুখীন হন। এজন্য বিষয়টিকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে সভায় আলোচনা করা হয়।	মাছ চাষে কোন ভাবেই যেন লিটার ব্যবহার করা না হয় এজন্য মৎস্যচাষীদেরকে সচেতন করা, জনপ্রতিনিধিদেরকে সম্পৃক্ত করা এবং GAP বা উত্তম মৎস্য চাষ অনুশীলন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	সিনিয়র উপজেলা মৎস্য দপ্তর ও সংশ্লিষ্ট স্টেক হোল্ডারগণ
২.	<b>মৎস্য আড়ৎ ও বাজার সমূহের পরিষ্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি বিষয়ক আলোচনাঃ</b> সাধারণত দেশের মাছের বাজার ও আড়ৎগুলোতে পরিষ্কার পরিচ্ছন্নতার অভাব পরিলক্ষিত হয় যা কোন মতেই কাম্য নয়। পরিষ্কার পরিচ্ছন্নতা জনস্বাস্থ্যের সাথে সম্পর্কিত হওয়ায় চাটমোহর উপজেলাধীন মৎস্য আড়ৎ ও বাজারগুলোর পরিষ্কার পরিচ্ছন্নতা নিশ্চিত করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	চাটমোহর উপজেলাধীন মৎস্য আড়ৎ ও বাজার গুলোর পরিষ্কার পরিচ্ছন্নতা নিশ্চিত করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	সিনিয়র উপজেলা মৎস্য দপ্তর ও সংশ্লিষ্ট স্টেক হোল্ডারগণ

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোসাঃ আয়েশা খাতুন)

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা

চাটমোহর, পাবনা

স্মারক নং-৩৩.০২.৭৬২২.৫০১.১৯.০০২.১৬-৫০/১(৪)

তারিখ: ১৫/০৩/২০২২ খ্রি.


সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী

২। জেলা মৎস্য কর্মকর্তা, পাবনা

৩। জনাব.....

৪। সংশ্লিষ্ট নথি



সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা

চাটমোহর, পাবনা